



## বিনামূল্যে আবাসিক ফ্ল্যাট পাবে ৮০৪ টি জুলাই শহীদ পরিবার



# LENS ASIA

সংগৃহীত ছবি

বিগত বছরের জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের পরিবারগুলোকে স্থায়ী বসবাসের জন্য ফ্ল্যাট দেবে সরকার। এই উদ্দেশ্যে রাজধানীর মিরপুরে একটি পুনর্বাসন প্রকল্প হাতে নিয়েছে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। এর আওতায় আধুনিক সুযোগ-সুবিধা সংবলিত ৮০৪টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হবে, যেগুলোর প্রতিটির মূল্য প্রায় ৯৫ লাখ টাকা। সম্পূর্ণ সরকারি অর্থায়নে এই প্রকল্প বাস্তবায়ন করতে খরচ হবে ৭৬১ কোটি টাকা। জুলাই আন্দোলনে শহীদদের প্রতি সম্মান প্রদর্শনের উদ্দেশ্যে নির্মিত এ ফ্ল্যাটগুলো সম্পূর্ণ বিনামূল্যে পাবে শহীদদের পরিবার।

সম্প্রতি পরিকল্পনা কমিশনে "৩৬ জুলাই আবাসিক ফ্ল্যাট নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রস্তাব পাঠানো হয়। জানা গেছে এই প্রকল্পটি মিরপুর হাউজিং এস্টেটের ১৪ নম্বর সেকশনে মিরপুর পুলিশ লাইন্স সংলগ্ন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জমিতে বাস্তবায়ন করা হবে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে প্রস্তাবিত এই প্রকল্পের সবকিছু এরই মধ্যে যাচাই-বাছাই শেষ করেছে পরিকল্পনা কমিশন। অনুমোদন দেওয়া হলে চলতি বছরের জুলাইয়ে শুরু হয়ে নির্মাণ কার্যক্রম শেষ হবে ২০২৯ সালের জুনে। প্রকল্পের উদ্দেশ্য হিসেবে বলা হয়েছে, "বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ২০২৪-এর নিতীক শহীদদের নিঃস্বার্থ আত্মত্যাগের প্রতি ন্যূনতম সম্মান প্রদর্শন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ৩০৭.৩৪ কাঠা জমির ওপর শহীদ পরিবারদের জন্য ১ হাজার ৩৫৫ বর্গফুট আয়তনের ৮০৪টি আবাসিক ফ্ল্যাটের ব্যবস্থা করা, বৈষম্যবিরোধী আন্দোলনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে বিনামূল্যে আধুনিক সুযোগ-সুবিধা সংবলিত আবাসিক ফ্ল্যাট প্রদানের ক্ষেত্র তৈরি করা।"

তাছাড়া জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ জানিয়েছে, "বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহীদদের আত্মত্যাগের প্রতি সম্মান প্রদর্শনের লক্ষ্যে শহীদদের পরিবারের পুনর্বাসন এবং স্থায়ী বাসস্থানের জন্য বিনামূল্যে ফ্ল্যাট প্রদানের নিমিত্তে এ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সরকারি অর্থায়নে এ প্রকল্পের মাধ্যমে শহীদ ব্যক্তিদের পরিবারের পুনর্বাসন করা সম্ভব হবে এবং তাদের জীবনে একটি নতুন অধ্যায়ের সূচনা হবে।"

"৩৬ জুলাই আবাসিক ফ্ল্যাট নির্মাণ" শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ নিজ উদ্যোগে বাস্তবায়ন করবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। প্রকল্পে আওতায় ১৪তলা ছয়টি এবং ১০ তলাবিশিষ্ট ১২ টি আবাসিক ভবন নির্মাণ করা হবে। এসব ভবনে থাকবে ১ হাজার ৩৫৫ বর্গমিটারের মোট ৮০৪টি আবাসিক ফ্ল্যাট। নির্মাণকাজ শেষে ফ্ল্যাটগুলো জুলাই শহীদ পরিবারগুলোর কাছে স্থায়ীভাবে বসবাসের জন্য বন্টিয়ে দেওয়া হবে। আধুনিক সুযোগ-সুবিধা সংবলিত প্রতিটি ফ্ল্যাটের মূল্য ৯৪ লাখ ৭৪ হাজার টাকা মতো হবে।

এছাড়াও জুলাই আন্দোলনে আহত ও শহীদদের জন্য নেওয়া অন্য প্রকল্পগুলোর মধ্যে রয়েছে ৭৫ কোটি টাকা ব্যয়ে "আন্দোলনে ভুক্তভোগীদের জন্য সামাজিক নিরাপত্তা ও আত্মনির্ভরতা" শীর্ষক প্রকল্প, ২৫০ কোটি টাকা ব্যয়ে নারীদের জন্য রয়েছে পৃথক সহায়তা প্রকল্প, জুলাই আন্দোলনের ইতিহাস সংরক্ষণে ৯৬ কোটি ৩৯ লাখ টাকা ব্যয়ে ২টি প্রকল্প, ৬৫০ কোটি টাকা ব্যয়ে আত্মনির্ভরতা ও কর্মসংস্থান প্রকল্প, শহীদদের স্মরণে ২০ কোটি টাকা ব্যয়ে স্মৃতিফলক স্থাপন প্রকল্প।